বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০১৪.২১-১৪১

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪২৮
১৭ ফেব্রুয়ারি ২০২২

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১১ এপ্রিল ২০২১ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৪১৬.২০২১-১১৩ নং পত্রের সুপারিশক্রমে নিম্নোক্ত ০৩ (তিন) জন-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৫ অনুযায়ী ৪৩০০০-৬৯৮৫০/- টাকার বেতন স্কেলে নির্বাচন কমিশন সচিবালয়ের 'সিস্টেম এনালিষ্ট' পদে নিম্নেবর্ণিত শর্তে নিয়োগ করা হলঃ

| ক্রমিক নং | পিএসসি কর্তৃক প্রেরিত মেধাক্রম | রেজিস্ট্রেসন নম্বর | নাম | পিতার নাম | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ১ | ০০০০৪১ | মামুনুর হোসেন | মোঃ রহম আলী | প্রযত্নে-মোঃ রহম আলী<br>গ্রাম/শহর-বাবনা পাড়া<br>ডাকঘর-নাগরপুর (১৯৩৬)<br>উপজেলা/থানা-নাগরপুর<br>জেলা-টাঙ্গাইল | টাঙ্গাইল |
| ২ | ২ | ০০০২৪৫ | মোঃ মিজানুর রহমান খান | মোঃ আব্দুল আজিজ খান | প্রযত্নে-মোঃ আব্দুল আজিজ খান<br>গ্রাম/শহর-সোনাডাঙ্গা আ/এ-১৬৪,<br>(১ম ফেজ খালশী মাদ্রাসার নিকটে)<br>রোড-১১, ডাকঘর-খুলনা (৯০০০)<br>উপজেলা/থানা-সোনাডাঙ্গা<br>জেলা-খুলনা | খুলনা |
| ৩ | ৩ | ০০০১৭৫ | মোহাম্মদ আরিফুল ইসলাম | মোঃ মাজেদুল ইসলাম | প্রযত্নে-মোঃ মাজেদুল ইসলাম<br>গ্রাম-ভাগলপুর<br>পো-সরারচর (২৩৩৭)<br>উপজেলা/থানা-বাজিতপুর<br>জেলা-কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ |

(ক) নির্বাচন কমিশন সচিবালয়ের আদেশক্রমে তাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকার/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ের উপর বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে; প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ এই প্রশিক্ষণের সময়কাল বাড়াতে বা কমাতে পারবে; অথবা প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণের পূর্বে বা পরে তাকে অন্য যে কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(খ) বুনিয়াদি প্রশিক্ষণ ছাড়াও কর্তৃপক্ষের অভিপ্রায় অনুযায়ী তাকে পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) 'সিষ্টেম এনালিষ্ট' পদে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং যদি শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয়, তাহলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি আপনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

অফিসের ঠিকানাঃ
D:\Technical Recruit\Appointment Letter .docx
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov

(চ) যদি তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল অ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হইবে;

(ঞ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। যদি উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয়, তবে আগামী ১৫ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ/০১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ তারিখে সম্মতিপত্রসহ 'সিষ্টেম এনালিষ্ট' হিসাবে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হল। উক্ত তারিখে যোগদান না করলে চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

//

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জ. ব্য.-১)
ফোনঃ ৫৫০০৭৫৩৭/০১৫৫০০৪২০৩২

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০১৪.২১-১৪১

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪২৮ / ১৭ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [সূত্রঃ তাঁহার ১১ এপ্রিল ২০২১ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৪১৬.২০২১-১১৩ নং পত্রের সুপারিশ অনুযায়ী]।
৫। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
৯। সিষ্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,---------------------------- (সকল)।
১১। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২। সিনিয়র/জেলা নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা............(সকল)।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

১৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।

১৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬-১৯। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।

২০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১। জনাব.................................................................................।

২২। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ............................................ (সকল)।

২৭-০২-২০২২

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জ.ব্য.-১)